

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 30-01-2026

Time: 07:35–07:40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Martyrs Day :

আজ শহীদ দিবস উপলক্ষ্যে সকাল ৮টায় আগরতলায় সার্কিট হাউস সংলগ্ন গান্ধীমূর্তি প্রাঙ্গণে ভজন এবং রামধূন গাওয়া হবে। সেখানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু মহাঞ্চা গান্ধীর মূর্তিতে পূজ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। এরপর গান্ধীঘাটে রাজ্যপাল পূজ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। সকাল ১০টা ৫৯ মিনিট থেকে ১১টা পর্যন্ত সাইরেন বাজানো হবে। সাইরেন বাজানোর সঙ্গে সঙ্গে প্রত্যেকে দাঁড়িয়ে নীরবতা পালন করবেন।

* * * * *

CM Airtel :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার চানমারিতে ভারতী এয়ারটেল সংস্থার উদ্যোগে এয়ারটেল ডাটা সেন্টার নির্মাণের ভূমিপূজা ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। গতকালের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের পাশাপাশি রাজ্য সরকার ত্রিপুরায় তথ্য প্রযুক্তি ক্ষেত্রকেও দ্রুত উন্নত করার প্রয়াস নিয়েছে। আগামী কয়েক বছরের মধ্যে ত্রিপুরাকে উত্তর পূর্বাঞ্চলের তথ্য প্রযুক্তি হাবে পরিণত করতে চায় রাজ্য সরকার। এই লক্ষ্যকে সামনে রেখেই উত্তর-পূর্বাঞ্চলের সর্ববৃহৎ ডাটা সেন্টার স্থাপনের প্রয়াস নেওয়া হচ্ছে।

* * * * *

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নালু আঠারভোলা ভিলেজ কমিটি অফিস প্রাঙ্গণে গতকাল নাবাড়ের উদ্যোগে পিগারি ক্লাস্টার প্রকল্প এবং উপজাতি উন্নয়ন তহবিলের সুবিধাভোগীদের নিয়ে একটি কৃষক সভা ও মতবিনিময় অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, নাবাড় রাজ্যে কৃষকদের উন্নয়নের জন্য সক্রিয়ভাবে কাজ করছে।

CHIEF ECONOMIC ADVISOR :

মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ভি অনন্ত নাগেশ্বরণ বলেছেন, পিরিওডিক লেবার ফোর্স সার্ভে (PLFS) চালু হওয়ার পর থেকে দেশে কর্মসংস্থানের পরিস্থিতির উন্নতি হয়েছে। গতকাল নয়াদিল্লিতে ২০২৫-২৬ সালের অর্থনৈতিক সমীক্ষার বিষয়ে সংবাদমাধ্যমকে শ্রী নাগেশ্বরণ বলেন, ২০২৩-২৪ অর্থবছরে বেকারঞ্জের হার ৬ শতাংশ থেকে কমে ৩.২ শতাংশে দাঁড়িয়েছে। তিনি বলেন, মহিলা শ্রমশক্তির অংশগ্রহণ প্রায় ১৮ শতাংশ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। শ্রী নাগেশ্বরণ জানিয়েছেন, বছরের প্রথম নয় মাসে বেকারঞ্জের হার গত ত্রৈমাসিকে ৫.৪ শতাংশ থেকে ৪.৯ শতাংশে স্থিরভাবে হ্রাস পেয়েছে। আর্থিক ক্ষেত্রে বিভিন্ন পদক্ষেপ এবং প্রক্রিয়ার নিরিখে ২০১২ থেকে ২০২০ সময়কালের তুলনায় ভারতকে আন্তর্জাতিক পরিস্থিতিতে অর্থনৈতিক কর্মসূলতার একটি মরুদ্যান হিসাবে বর্ণনা করেছেন শ্রী নাগেশ্বরণ।

PIB Vartalap :

কেন্দ্রীয় সরকারের ক্ল্যাগশিপ প্রকল্প বিভি জি রাম জি, নেশা মুক্ত ভারত, শিশু ও নারী ক্ষমতায়ন এবং বন্দে মাতরম সঙ্গীতের সার্ধাশতবর্ষ উদযাপন উপলক্ষে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে ভারত সরকারের প্রেস

ইনফুরমেশন ব্যৱো, আগরতলা শাখার উদ্যোগে আজ আগরতলা প্ৰেসক্লাবে
বৰ্তালাপ শীৰ্ষক আলোচনাচক্ৰে আয়োজন কৱা হয়।

আলোচনাচক্ৰে আসাম ৱাইফেলসএৱ ডিআইজি, ব্ৰিগেডিয়াৱ নিশান্ত চান্ডেল,
পশ্চিম ত্ৰিপুৱা জেলাৱ অতিৱিক্ষণ জেলা শাসক অসিত কুমাৱ দাস, রাজ্য
সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তৱেৱ উপ কমিশনাৱ অচিন্ত্যম কিলিকদাৱ,
ত্ৰিপুৱা শিশু সুৱক্ষা ও শিশু অধিকাৱ কমিশনেৱ সদস্যা চামেলি সাহা,
তথ্য সংস্কৃতি দপ্তৱেৱ সহ অধিকৰ্তা দেৰাশিস লোধ এবং আগরতলা
প্ৰেসক্লাবেৱ সভাপতি প্ৰনৱ সৱকাৱ অংশগ্ৰহণ কৱেন।

* * * * *

Celebrates 150 years of Vande Mataram :

বন্দেমাতৱম সঙ্গীত রচনাৱ দেড়শো বছৱ উপলক্ষ্যে গতকাল আগরতলায়
ৱাধানগৱ, কৈলাসহৱ ও তেলিয়ামুড়ায় আসাম ৱাইফেলস পৱিচালিত
স্কুলগুলিতে বিশেষ দেশৱৰ্ভোধক অনুষ্ঠানেৱ আয়োজন কৱা হয়েছিল।
বাহিনীৱ পক্ষ থেকে জানানো হয়েছে, স্কুলে ছাত্ৰছাত্ৰীদেৱ সম্মিলিতভাৱে বন্দে
মাতৱম গান এবং ব্যান্ড প্ৰদৰ্শনীৱ মধ্য দিয়ে দিনটি উদযাপন কৱা হয়।

* * * * *

Old Agartala Budget Session :

পুৱাতন আগরতলা পঞ্চায়েত সমিতিৱ বাজেট অধিবেশন গতকাল অনুষ্ঠিত
হয়। এই অধিবেশনে পঞ্চায়েত সমিতিৱ চেয়াৱম্যান ৰ্ণূৱাণী দাস ২০২৬-
২৭ অৰ্থবছৱেৱ বাজেট পেশ কৱেন। এই বাজেটে আগামী অৰ্থবছৱে পঞ্চায়েত
দপ্তৱ ছাড়া বিভিন্ন সৱকাৱি দপ্তৱ থেকে সম্ভাৱ্য প্ৰাপ্ত অৰ্থ ৭১ কোটি ৯
লক্ষ ৫১ হাজাৱ টাকা, পঞ্চায়েত দপ্তৱ থেকে সম্ভাৱ্য প্ৰাপ্ত অৰ্থ ৫ কোটি
৭৩ লক্ষ ৯২ হাজাৱ ১৫৫ টাকা এবং পঞ্চায়েত সমিতিৱ সম্ভাৱ্য ফান্ড
ধৱা হয়েছে ১২ কোটি ৪৪ লক্ষ ৬৮ হাজাৱ ৮৫ টাকা।

* * * * *

GMP :

প্রকাশ্য সমাবেশের মাধ্যমে গতকাল থেকে আগরতলায় শুরু হলো উপজাতি গনমুক্তি পরিষদের ২৩তম কেন্দ্রীয় সম্মেলন। আগরতলার রবীন্দ্র ভবনের সামনে আয়োজিত সমাবেশে আদিবাসী অধিকার রাষ্ট্রীয় মঞ্চের জাতীয় চেয়ারম্যান, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, সিপিআইএম নেতৃী বৃন্দা কারাত, গনমুক্তি পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি নরেশ জমাতিয়া, সম্পাদক রাধাচরণ দেববর্মা প্রমুখ বক্তব্য রাখেন।

* * * * *

Naidu Trophy :

ত্রিপুরা ও দিল্লির মধ্যে কর্ণেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হচ্ছে। নরসিংগড়ের পিটি এই ম্যাচটি হবে।

* * * * *

Ranji Trophy :

ত্রিপুরা ও ওজরাটের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা গতকাল থেকে আগরতলায় শুরু হয়েছে। এমবিবি স্টেডিয়ামে টসে জিতে রাজ্যদল প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে সফরকারী ওজরাট প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ২৬৭ রান করে।

* * * * *

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে
পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *

* * * * *